গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর,যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd ; যুউঅ.বাংলা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫২.১৬-৫৬০ তারিখঃ- ২৪/১২/২০১৯ খ্রি.।

বিষয়:- যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষিত যুবদেরকে কর্মসংস্থান ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ সুবিধার পরিমাণের সঠিকতা যাচাই সংক্রান্ত।

সূত্র: ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫২.১৬-৪১৩, তারিখঃ-১৫/১০/ ২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের আত্মকর্মসংস্থান সৃজনের লক্ষ্যে কর্মসংস্থান ব্যাংক হতে ঋণ সুবিধা প্রদান করা হচ্ছে। কর্মসংস্থান ব্যাংক হতে কি সংখ্যক প্রশিক্ষিত যুবকে কি পরিমাণ ঋণ সুবিধা দেয়া হচ্ছে সে সম্পর্কিত জুলাই-সেপ্টেম্বর/১৯ প্রান্তিকের অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, ক্রমপুঞ্জিত ঋণপ্রাপ্ত যুবসংখ্যা ৭৩৫জন ও ঋণের পরিমাণ ৯৬৯৫.১০ লক্ষ টাকা। অথচ গত প্রান্তিকে (এপ্রিল-জুন/১৯) তাঁর জেলা হতে ক্রমপুঞ্জিত ঋণপ্রাপ্ত যুবসংখ্যা ১৫৮৩ জন ও ঋণের পরিমাণ ১৫৮৭.৪২ লক্ষ টাকা দেখানো হয়েছিল। বিবেচ্য প্রান্তিকে ঋণপ্রাপ্ত যুবসংখ্যা পূর্ব প্রতিবেদন হতে ৮৪৮জন কম এবং ঋণের পরিমাণ ৮১০৭.৬৮ লক্ষ টাকা বেশী দেখানো হয়েছে। বস্তুতপক্ষে পূর্ব প্রান্তিকের চেয়ে পরবর্তী প্রান্তিকে ক্রমপুঞ্জিত ঋণপ্রাপ্ত যুবসংখ্যা কম হওয়ার কোন সুযোগ নেই। এ ধরণের তথ্য কোনভাবেই যৌক্তিক ও বাস্তবসম্মত নয়,বরং বিভ্রান্তিকর। এক্ষেত্রে স্পষ্টতই বুঝা যায় জেলা কার্যালয় হতে ধারাবাহিক, বস্তুনিষ্ঠ এবং বাস্তবভিত্তিক প্রতিবেদন প্রেরণ করার জন্য একাধিকবার নির্দেশনা দেয়া হলেও তা প্রতিপালিত হয়নি।

২। এমতাবস্থায় কর্মসংস্থান ব্যাংক হতে যুবদের ঋণ সুবিধা প্রাপ্তির বিভিন্ন সময়ের প্রতিবেদনে বিভ্রান্তিকর তথ্য প্রদানের কারণ আগামী ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে জানানোসহ সূত্রোস্থ পত্রের অনুশাসন যথাযথভাবে অনুসরণ এবং তাঁর অধীন উপজেলা কর্মকর্তাগণ কর্তৃক প্রেরিত তথ্য প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষাপূর্বক বস্তুনিষ্ঠ প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪/১২/১৯
(ফরিদা ইয়াসমিন)
উপপরিচালক(দা: বি: ঋণ)
ফোনঃ ৯৫৫৩৩২৩।

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
সিলেট জেলা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫২.১৬- ৫৬০ তারিখঃ- ২৪/১২/২০১৯ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

০১। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর ঢাকা-কে ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর.....উপজেলা.....জেলা-কে কর্মসংস্থান ব্যাংকে সরেজমিনে গমনপূর্বক যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুব ঋণীর প্রকৃত সংখ্যা ও ঋণের পরিমাণ সংক্রান্ত তথ্য নিজ কার্যালয়ে সংরক্ষিত তথ্যের সাথে যাচাই বাছাইপূর্বক বস্তুনিষ্ঠ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো।
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
০৪। অফিস কপি।

২৪/১২/১৯
(ফরিদা ইয়াসমিন)
উপপরিচালক(দা: বি: ঋণ)

E/Bank-2